JAN. 2 [illegible] 2001

দৈনিক সংবাদ

পৃষ্ঠা

# শিক্ষক-কর্মচারীদের সমস্যা নিয়ে আলোচনা

নিজস্ব বার্তা পরিবেশক ঃ শিক্ষক-কর্মচারীদের পেশাগত সমস্যা আলোচনার লক্ষ্যে গত বৃহস্পতিবার মিরপুর কলেজে এক শিক্ষক-কর্মচারী সমাবেশ অনুষ্ঠিত হয়। শিক্ষক-কর্মচারী ঐক্যজোট ঢাকা মহানগর শাখার সভাপতি অধ্যক্ষ মো. ইসহাক হোসেনের সভাপতিত্বে এ সমাবেশে প্রধান অতিথি ছিলেন তার ও টেলিযোগাযোগ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি কামাল আহমেদ মজুমদার এমপি। বিশেষ অতিথি হিসেবে ছিলেন প্রফেসর এম শরিফুল ইসলাম ও মাওলানা এম লতিফ। সমাবেশে শিক্ষক-কর্মচারীদের সমস্যা নিয়ে আলোচনা করেন মোহাম্মদ সেলিম ভূঁইয়া।

কামাল আহমেদ মজুমদার শিক্ষক সমস্যা সম্পর্কে বলেন, শিক্ষকরা আগামীদিনের যোগ্য নাগরিক তৈরি করবেন। শিক্ষক ও কর্মচারীদের অধিক সুবিধা দেয়ার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। স্বার্থান্বেষী কিছু লোকের অপচেষ্টায় শিক্ষকদের মধ্যে বিভক্তি এসেছে, যা দুঃখজনক।